



বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
বিনিয়োগ শাখা
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
www.bhtpa.gov.bd

বিনিয়োগ অগ্রাধিকার

সভাপতি	এ.কে.এম, আমিরুল ইসলাম এনডিসি ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	১২ ডিসেম্বর, ২০২৪
সভার সময়	সকাল ১০.১৫ ঘটিকায়
স্থান	অনলাইন প্ল্যাটফর্মে (জুম অ্যাপ)
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করার জন্য অনুমতি প্রদান করেন। সভাপতির অনুরোধক্রমে পরিচালক (কারিগরি) সভাকে অবহিত করেন সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর আওতায় সেবাসমূহকে তিন ক্যাটাগরিতে বিভক্ত করা হয়েছে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা, অভ্যন্তরীণ সেবা, সেবাসমূহ সরাসরি/অনলাইনে ওএসএস এর মাধ্যমে প্রদান করা হয়ে থাকে। তিনি সভাকে আরোও জানান মোট সেবার সংখ্যা ১৪৮টি বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ হতে ওএসএস এর মাধ্যমে নিজস্ব ৫০টি সেবা এবং অন্যান্য দপ্তরের ৩৩টি সেবা প্রদান করে। এছাড়াও অন্যান্য দপ্তরের ৬৫ টি সেবা ম্যানুয়ালী প্রদান করা হয়।

(ক) পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি: পূর্ববর্তী সভার সিদ্ধান্ত নিম্নরূপভাবে বাস্তবায়ন করা হয়েছেঃ

ক্র:	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১।	যে সকল পার্কের জমির নামজারী করা হয়নি অতিসত্তর নামজারীর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	প্রতিটি পার্কের ফোকাল পয়েন্ট কর্মকর্তা/প্রকল্প পরিচালককে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য বলা হয়েছে।
২।	বিনিয়োগকারীগণ (স্টেকহোল্ডারগণ) One Stop Service (OSS) এর মাধ্যমে প্রয়োজনীয় সেবা গ্রহণ করবে।	বিনিয়োগকারীগণ/টেনেন্টদেরকে এ বিষয়ে অবহিত করা হয়েছে। অধিকাংশ বিনিয়োগকারীগণ/টেনেন্ট ওএসএস এর মাধ্যমে সেবা গ্রহণ করছে।
৩।	বকেয়া ভাড়া উত্তোলনের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে।	বকেয়া উত্তোলনের জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

(খ) সভার আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ:

পরিচালক (কারিগরি) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সম্পর্কে বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করেন। সভাপতি উপস্থিত সকলকে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের সেবা গ্রহণ বিষয়ে উন্মুক্ত আলোচনার জন্য অনুরোধ জানান।

ক্র:	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	ওএসএস এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জানান বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের আওতায় বিভিন্ন হাই-টেক পার্ক/সফটওয়্যার টেকনোলজি পার্ক/আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার হতে এ পর্যন্ত মোট ১২১ টি প্রতিষ্ঠান ওএসএস সিস্টেমে রেজিস্ট্রেশন করে। ওএসএস সিস্টেমে সেবা গ্রহণ ও সেবা প্রদান সহজতর হয় মর্মে আলোচনা হয়। যে সকল প্রতিষ্ঠানও এখনও ওএসএস এ রেজিস্ট্রেশন করেনি তাঁদেরকে ১৫ দিনের মধ্যে ওএসএস এর মাধ্যমে সেবা গ্রহণের নিমিত্ত ওএসএস এ রেজিস্ট্রেশন করার জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়।	যে সকল বিনিয়োগকারী/টেনেন্ট প্রতিষ্ঠান ওএসএস সিস্টেমে রেজিস্ট্রেশন করেনি তাঁদেরকে আগামী ১৫ দিনের মধ্যে ওএসএস সিস্টেমে রেজিস্ট্রেশন জন্য বলা হলো।	বিনিয়োগকারী/টেনেন্ট এবং বিএইচটিপিএ

২। সভায় আলোচনান্তে বিভিন্ন পার্কে ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান প্রতিটি পার্কেই অধিক পরিমান ভাড়া, বিদ্যুৎ বিল ও ইউটিলিটি বিল বকেয়া রয়েছে। সকল বিনিয়োগকারীগণ/টেনেন্টদের কে অতিদ্রুত সমুদয় বকেয়া বিল পরিশোধের বিষয় সভায় বিস্তারিত আলোচনা হয়।	বকেয়া ভাড়া উত্তোলনের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে।	বিনিয়োগকারী/টেনেন্ট এবং বিএইচটিপিএ
--	--	---

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।



২২-১২-২০২৪
এ.কে.এম, আমিরুল ইসলাম এনডিসি
ব্যবস্থাপনা পরিচালক

তারিখ: ৭ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
২২ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৫৬.০২.০০০০.০০৭.১৬.০২২.১৮.২০০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপসচিব, কর্মসম্পাদন ও কৌশল শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
- ২। পরিচালক (কারিগরি), কারিগরি অনুবিভাগ, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক (অর্থ ও প্রশাসন), অর্থ ও প্রশাসন অনুবিভাগ, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ।
- ৪। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
- ৫। প্রশাসক, বাংলাদেশ এ্যাসোসিয়েশন অব সফটওয়্যার, এন্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস), বিডিবিএল ভবন, কাওরান বাজার, ঢাকা।।
- ৬। প্রশাসক, বাংলাদেশ কম্পিউটার সমিতি, হাউজ-৩৩/বি, রোড নং-০৪, ধানমন্ডি, ঢাকা-১২০৫।
- ৭। ফোকালপয়েন্ট কর্মকর্তা (সকল), বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ (সকল বিনিয়োগকারী/টেনেন্ট প্রতিষ্ঠানসমূহের নিকট সভার কার্যবিবরণী প্রেরণের অনুরোধসহ)।।
- ৮। স্টেকহোল্ডার/টেনেন্ট (সকল), বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।।
- ৯। স্টার্টআপ (সকল), বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।।




২২-১২-২০২৪
শাহরিয়ার আল হাসান
সহকারী পরিচালক (বিনিয়োগ)